Faruque Hassan
President

BGMEA

বিজিএ/কাস/২০২৪/৮২

০৩ এপ্রিল, ২০২৪

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয় ঃ রপ্তানির বিপরীতে প্রদত্ত নগদ সহায়তার জন্য ২০২৩-২৪ অর্থবছরের ৩য় কিস্তির অর্থ ছাড়করণ প্রসঙ্গে।
সূত্র ঃ নং-০৭.১০১.০২০.০৩.০৯.০০২.২০১৯-৬০৭ তারিখঃ ২৮/০৩/২০২৪ইং

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠানের নগদ সহায়তার অনিস্পন্ন কেসগুলো আসন্ন ঈদ-উল-ফিতর এর পূর্বে নিস্পত্তির লক্ষ্যে অর্থ মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংক'কে পর্যাপ্ত ফান্ড সরবরাহের জন্য বিজিএমইএ কর্তৃক বিশেষভাবে অনুরোধ করায় অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় সূত্রোক্ত পত্র মারফত রপ্তানির বিপরীতে প্রদত্ত নগদ সহায়তা/প্রণোদনা এবং তৈরি পোশাক রপ্তানির বিপরীতে ১% হারে বিশেষ নগদসহায়তা প্রদানের জন্য চলতি ২০২৩-২৪ অর্থবছরে অর্থ বিভাগের বাজেটের অধীন ভর্তুকি ও প্রণোদনা ব্যবস্থাপনা কোডের আওতায় রপ্তানি প্রণোদনা খাতে বরাদ্দকৃত অর্থ হতে ৩য় কিস্তিতে ২,০০০ (দুই হাজার) কোটি টাকা বাংলাদেশ ব্যাংকের অনুকূলে ছাড়করণের নির্দেশনা দিয়ে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর অনুকূলে সূত্রোক্ত পত্রটি জারী করেছে।

এমতাবস্থায়, আপনাদের নগদ সহায়তার কেসগুলো দ্রুত প্রস্তুত ও তদারকি করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আশা করি নগদ সহায়তার প্রক্রিয়াধীন/অনিস্পন্ন কেসগুলো দ্রুত নিস্পত্তি করে নগদ সহায়তার অর্থ পেয়ে তৈরি পোশাক রপ্তানিকারকগণ উপকৃত হবেন।

প্রয়োজনীয় কার্যার্থে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পত্রটি এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

সংযুক্তিঃ বর্ণনামতে।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

C:\Users\BGMEA\Desktop\607cashincentive.doc
CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

নং-০৭.১০১.০২০.০৩.০৯.০০২.২০১৯-৬০৭

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০ / ২৮ মার্চ ২০২৪

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

**বিষয়ঃ রপ্তানিমুখী দেশীয় বস্ত্র, হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ, চামড়াজাত দ্রব্যসহ অনুমোদিত অন্যান্য খাতে রপ্তানির বিপরীতে প্রদত্ত নগদ সহায়তা এবং তৈরী পোশাক রপ্তানির বিপরীতে ১% হারে বিশেষ নগদ সহায়তা প্রদানের নিমিত্ত ২০২৩-২৪ অর্থবছরের ৩য় কিস্তির অর্থ ছাড়করণ।**

নির্দেশিত হয়ে রপ্তানিমুখী দেশীয় বস্ত্র, হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ, চামড়াজাত দ্রব্যসহ অনুমোদিত অন্যান্য খাতে রপ্তানির বিপরীতে প্রদত্ত নগদ সহায়তা/প্রণোদনা এবং তৈরী পোশাক রপ্তানির বিপরীতে ১% হারে বিশেষ নগদ সহায়তা প্রদানের জন্য চলতি ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেটে অর্থ বিভাগের অধীন ভর্তুকি ও প্রণোদনা ব্যবস্থাপনা কোডের আওতায় '১০৯০১০১-১২০০০০৬০০-১১০০১০০০-৩৮২৪২০১-সাধারণ রপ্তানি প্রণোদনা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে ৩য় কিস্তিতে (৩১ মার্চ, ২০২৪ পর্যন্ত) ২,০০০ **(দুই হাজার) কোটি টাকা** নিম্নোক্ত শর্তে বাংলাদেশ ব্যাংকের অনুকূলে নির্দেশক্রমে ছাড় করা হলো। **ছাড়কৃত অর্থের ভিত্তিতে হিসাব মহা-নিয়ন্ত্রক (সিজিএ) ডেবিট অথরিটি জারি করবে এবং বাণিজ্যিক ব্যাংকসমূহ হতে প্রাপ্ত ভর্তুকি দাবির বিপরীতে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক সরকারি হিসাব ডেবিট করে রপ্তানি ভর্তুকি'র অর্থ পরিশোধ করতে পারবে:**

শর্তাবলী:

(ক) ছাড়কৃত অর্থ দিয়ে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের অনুকূলে খাতভিত্তিক নগদ সহায়তা/প্রণোদনা পরিশোধ করতে হবে। অন্য কোন উদ্দেশ্যে এ অর্থ ব্যয় করা যাবে না;

(খ) দাবি পরিশোধের পর নিরীক্ষায় প্রাপ্য অর্থের চেয়ে বেশী পরিশোধিত হয়েছে মর্মে প্রমাণিত হলে সংশ্লিষ্ট অর্থ আদায়পূর্বক গ্রহীতার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক অর্থ বিভাগকে অবহিত করতে হবে;

(গ) এ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও অনুশাসনাবলী এবং বিভিন্ন খাতে নগদ সহায়তা প্রদানের নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(ঘ) অর্থ গ্রহীতাকে সংশ্লিষ্ট বাণিজ্যিক ব্যাংকের নিকট এ মর্মে অঙ্গীকার (undertaking) প্রদান করতে হবে যে, প্রাপ্যতার অতিরিক্ত অর্থ গ্রহণ বা অন্য কোন অনিয়ম পরবর্তীতে পাওয়া গেলে তার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে এবং প্রদত্ত অর্থ ফেরত প্রদানে বাধ্য থাকবেন;

(ঙ) চলতি ২০২৩-২৪ অর্থবছর শেষে রপ্তানি খাতে নগদ সহায়তা/প্রণোদনা পরিশোধে বিদ্যমান পদ্ধতি এবং এর Impact সম্পর্কে একটি বিস্তারিত মূল্যায়ন প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(চ) ছাড়কৃত ২,০০০ কোটি টাকা ব্যয়ের খাতওয়ারী এবং ব্যাংকওয়ারী বিস্তারিত হিসাব বিবরণী অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(ছ) কেবলমাত্র প্রয়োজন অনুযায়ী অর্থ সংযুক্ত তহবিল হতে উত্তোলন করা যাবে; এবং

(জ) নগদ সহায়তা/প্রণোদনা পরিশোধের নিমিত্ত ছাড়কৃত অর্থ ব্যয়ে স্বচ্ছতা বজায় রাখতে হবে এবং এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে যাতে কোনো ব্যত্যয় না ঘটে সেদিকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ হেলাল উদ্দীন)
উপসচিব
☎ ৯৫১৪১৪৬

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

CamScanner

নং-০৭.১০১.০২০.০৩.০৯.০০২.২০১৯-৬০৭

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০ / ২৮ মার্চ ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা
২। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
৪। মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। অতিরিক্ত সচিব, সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ
৬। উপসচিব (ঋণ ব্যবস্থাপনা অধিশাখা-২), ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ
৭। সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, প্ল্যানার্স টাওয়ার (৫ম তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলামটর, ঢাকা

২৮/০৩/২০২৪

(মোঃ হেলাল উদ্দীন)
উপসচিব